জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জঃপৌঃসঃ/প্রকৌ/২০২২-২৩/ ১৭০ তারিখঃ 28/08/2022

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০২ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২৯/০৮/২০২২ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০২ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা।
৩। কোভিড-১৯ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ

25.08.2022
(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-২
জয়পুরহাট পৌরসভা।
28/08/22

প্রাপক ঃ

.......................................................

.......................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৬০ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০২

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ | ২৯/০৮/২০২২ইং |
| রোজ | ঃ | সোমবার |
| সময় | ঃ | সকাল ১২.০০ ঘটিকায় |

২৯/০৮/২০২২ইং তারিখ রোজঃ ঃ সোমবার, সময়ঃ বেলা ১০.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ২নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২। সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

**২ নং আলোচ্য সূচী ঃ**
**জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা ঃ**

কাউন্সিলর মহোদয় জলবায়ু পরিবর্তন বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হল গ্রিন হাইজ ইফেক্ট। শক্তি উৎপাদনে জীবাশ্ম জ্বালানির পোড়ানোর ফলে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ,নাইট্রোজেন,মিথেন,সহ নানা ধরনের ক্ষতিকারন গ্যাস বৃদ্ধি পায় এবং এ গ্যাসগুলো আমাদের বায়ুমন্ডলকে উত্তপ্ত করে চলছে। এই জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবথেকে ঝুকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশ একটি নদী বিধৌত ব-দ্বীপ। বাংলাদেশ আরও নানা প্রাকৃতিক সংকটের মুখোমুখি হয়। উষ্ণায়নের ফলে হিমালয়ের বরফ গলে সমুদ্র পৃষ্টের উচ্চতা বৃদ্ধি এবং প্রাণঘাতী দুর্যোগ ভূমিকম্প নদী ভাঙ্গনে জলাবদ্ধতা, পানি বৃদ্ধি, মাটির লবণাক্ততা প্রধান প্রাকৃতিক বিপর্যয় হিসেবে চিহ্নিত হয়েছে। আমরা জানি বাংলাদেশ ছয় ঋতুর দেশ কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে ছয় ঋতু বোঝার কোন উপায় নেই। আমরা দুইটা ঋতু বুঝতে পারি। এছাড়াও জলবায়ু পরিবর্তনের জন্য অসময়ে বন্যা, অসময়ে ক্ষরা দেখা যাচ্ছে। এতে আমাদের দেশে ফসলের ব্যাপক ক্ষয় ক্ষতি হচ্ছে । এই জলবায়ু পরিবর্তন রোধ করার জন্য বেশী বেশী করে গাছ লাগাতে হবে।

সিদ্ধান্ত ঃ যারা টিকা গ্রহন করেনি তারা টিকা গ্রহন করবে এবং স্বাস্থ্যবিধি মেনে সকল কার্যক্রম করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ ।

কোভিড-১৯ বিষয়ে আলোচনা ঃ

কাউন্সিলর মহোদয় **কোভিড-১৯ বিষয়ে** সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, সারা পৃথিবীতে করোনা ভাইরাসের সংক্রমন আবার বাড়ছে। এতে করে সারা বিশ্বের অর্থনীতি ভঙ্গুর অবস্থা। দক্ষিণ এশিয়ার দেশগুলো এর ব্যতিক্রম নয়। নতুন করে আবার করোনার প্রভাব লক্ষ করা যাচ্ছে এজন্য যারা করোনার টিকা নেওয়া থেকে বিরত আছেন তারা অবশ্যই করোনার টিকা গ্রহন করবেন। স্বাস্থ্য বিধি মেনে সকল কাজ কর্ম করবেন। ২৬ আগষ্টে করোনার প্রভাবে একজনের মৃত্যু ও ২৫৮জন আক্রান্ত হয়েছে। এখন পর্যন্ত করোনায় মৃত্যুর হার প্রায় ২৯ হাজার এবং আক্রান্ত হয়েছে প্রায় ২০ লক্ষ। এই করোনার হাত থেকে স্কুলগামী বাচ্চাদের রক্ষার জন্য করোনার টিকার ব্যবস্থা করা হয়েছে। এতে বাচ্চাগুলো সুস্থ থাকতে পারবে। করোনা ভাইরাসকে ভয় না করে সচেতন হতে হবে এবং সবাইকে সচেতন করতে হবে। সচেতনতা ও করোনা ভাইরাসের বিধি নিষেধ মেনে চললেই আমরা সুস্থ থাকতে পারব।

**সিদ্ধান্ত** ঃ যারা টিকা গ্রহন করেনি তারা টিকা গ্রহন করবে এবং স্বাস্থ্যবিধি মেনে সকল কার্যক্রম করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি WC কমিটি
ও ২নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।
তারিখ ঃ 20/06/2022

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ১৯০(ক)/০৬
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ...................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০২
৩। অফিস নথি।

(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি WC কমিটি
ও ২নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ২ - এর
### ৬০ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ মোঃ সাহেদুল আহসান, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০২, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ২৯/০৮/২০২২ইং।

রোজ ঃ সোমবার।

বেলা ঃ বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ সাহেদুল আহসান (সোহেল) | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-২ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | [signature] |
| ৩ | মোঃ আঃ রহিম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৪ | মোঃ লিটন | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৫ | স্বপ্না বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৬ | সেলিম হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৭ | ঝর্ণা বেগম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৮ | শ্রী বিষ্ণু সিং | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | মোছাঃ সেলিনা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | [signature] |
| ১০ | মোঃ মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | [signature] |